দৈনিক ইত্তেফাক

তারিখ 10 MAR 2008
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবির রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ভর্তি নিয়ে অনিয়মের অভিযোগ

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাস্টার্সের প্রশ্নপত্র ফাঁসের রেশ কাটতে না কাটতে আবারও বিভাগের নবগঠিত পরীক্ষা কমিটি বিতর্কে জড়িয়ে পড়েছে। শিডিউলের বাইরে তড়িঘড়ি করে অতিরিক্ত শিক্ষার্থীদের মাস্টার্সের চলমান মৌখিক পরীক্ষা গ্রহণ করে বিতর্কের সৃষ্টি করেছে। একই সঙ্গে রবিবারের মৌখিক পরীক্ষা-পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই স্থগিত করা হয়েছে। মৌখিক পরীক্ষা দিতে আসা অনেক শিক্ষার্থী এ বিষয়ে ক্ষোভ প্রকাশ করেছে। সূত্রমতে, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২০০৫ সালের মাস্টার্সের প্রশ্ন ফাঁস হলে আগের পরীক্ষা কমিটি বাতিল করে নতুন পরীক্ষা কমিটি গঠন করা হয়। নবগঠিত পরীক্ষা কমিটি পরীক্ষা সম্পন্ন করে ৩ মার্চ মৌখিক পরীক্ষার তারিখ নির্ধারণ করে। পরে মৌখিক পরীক্ষা ৮, ৯ ও ১০ মার্চ নির্বাচন করা হয়। বিভাগের প্রায় দুইশ শিক্ষার্থীর মৌখিক পরীক্ষার প্রথম দিনে একশ জনের মৌখিক পরীক্ষা সম্পন্ন করে। অথচ প্রতিদিন ৭৫ জন শিক্ষার্থীর মৌখিক পরীক্ষা নেয়ার বিজ্ঞপ্তি দেয়া হয়। রবিবার দ্বিতীয় দিনের মৌখিক পরীক্ষা নেয়ার কথা থাকলেও পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই তা স্থগিত করা হয়। পরে দুপুর ১২টার দিকে পরীক্ষা স্থগিতের বিজ্ঞপ্তি দেয়া হয়। পরীক্ষা কমিটির চেয়ারম্যান ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. হারুন অর রশীদ পরীক্ষা স্থগিত সম্পর্কে বলেন, এক্সটার্নালদের অনুপস্থিতির কারণে মৌখিক পরীক্ষা স্থগিত করা হয়। নোটিস বোর্ডে বিজ্ঞপ্তি দেয়া আছে।